

শোকবার্তা

বিশিষ্ট মুক্তিযোদ্ধা ও আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর সাধারণ সদস্য অ্যাডভোকেট সৈয়দ
মাহবুবর রহমান- এর মৃত্যু: আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর শোক ও শ্রদ্ধা

বিশিষ্ট মুক্তিযোদ্ধা ও আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর সাধারণ সদস্য অ্যাডভোকেট সৈয়দ মাহবুবর রহমান- এর মৃত্যুতে আইন ও সালিশ কেন্দ্র (আসক) গভীর শোক প্রকাশ করেছে। মাহবুবর রহমান মহান মুক্তিযুদ্ধে অসামান্য ভূমিকা রাখেন। আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর পথচলায় তাঁর অবদান অনস্বীকার্য। আসক তাঁর অবদান শ্রদ্ধাভরে স্মরণ করেছে এবং আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেছে।

আজ, ১৪ মার্চ ২০২৪, ভোর বেলা তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৭৫ বছর। সৈয়দ মাহবুবর রহমানের জন্ম ১৯৪৯ সালের ৬ আগস্ট বরিশাল জেলার নাঠে গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারের। তিনি ১৯৭১ সালের মহান স্বাধীনতা সংগ্রামে মুক্তিযোদ্ধা হিসেবে যোগ দেন। ১৯৮১ সালে তিনি আইনপেশার সাথে যুক্ত হোন। তিনি তার জীবন দশায় সর্বদা অন্যায়ের বিপক্ষে সোচ্চার ছিলেন। এ দেশের মানুষের জীবনে স্বাধীনতার সুফল চিরকাল বেঁচে থাক এটাই তাঁর একমাত্র স্বপ্ন ও প্রত্যাশা ছিলো।

তাঁর মৃত্যুতে আইন ও সালিশ কেন্দ্র (আসক) অপূরণীয় শূন্যতা অনুভব করেছে। আসক তাঁর শোকসন্তপ্ত পরিবার ও অগুণিত শুভানুধ্যায়ীর প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।